

জাপানে চালু হচ্ছে বিলাসবহুল ক্রুজশিপ আসুকা থ্রি

- A Monitor Desk Report

Date: 17 July, 2025



ঢাকা: জাপানের এনওয়াইকে লাইন ক্রুজ বহরে যুক্ত করেছে দ্বিতীয় জাহাজ। ৫২ হাজার ২৬৫ টন ওজনের জাহাজটির নাম আসুকা থ্রি।

মাঝারি আকারের এ ক্রুজশিপ ৩৮১টি কেবিনে সর্বোচ্চ ৭৪০ জন যাত্রী ধারণক্ষম। ২০০৬ সালে আসুকা টু চালুর পর এ প্রথম ক্রুজ বিভাগে নতুন জাহাজ যুক্ত করল এনওয়াইকে।

এ বিষয়ে এনওয়াইকে ক্রুজসের প্রেসিডেন্ট ইউজি নিশিজিমার মতে, আসুকা থ্রি জাপানের ক্রুজ সংস্কৃতিতে নতুন পথ দেখাবে। আসুকা ওয়ান নামের আসুকা ফ্লিটের প্রথম জাহাজ চালু হয়েছিল ১৯৯১ সালে। পরে এর স্থলাভিষিক্ত হয় দ্বিতীয়টি।

জাহাজ দুটি নির্মাণ করেছিল জাপানের মিংসুবিশি হেভি ইন্ডাস্ট্রিজ। আর আসুকা থ্রি নির্মাণ করেছে জার্মানির শিপবিল্ডার মেয়ার ওয়ারফট। কারণ জাপানি কোম্পানিগুলো ক্রুজশিপ নির্মাণ থেকে সরে গেছে।

মূলত খনীদের লক্ষ্য করে নতুন জাহাজটি চালু রয়েছে। ২০ জুলাই প্রথম যাত্রায় হোঙ্কাইদোর হাকোডায়ে ও ওতারু শহরের মধ্যে চলাচল করবে আসুকা থ্রি। এরপর ইয়োকোহামা ও কোবের মতো শহরে যাত্রী পরিবহন করবে। এ জাহাজে রিজার্ভেশনের প্রাথমিক খরচ ৮ লাখ ইয়েন বা প্রায় ৫ হাজার ৪৩০ ডলারের সমতুল্য।

আসুকা টুর তুলনায় নতুন এ প্রমোদতরীর গড় ভাড়া ৩০-৪০ শতাংশ বেশি হবে। বিশ্বব্যাপী ক্রুজ যাত্রীর সংখ্যা এরই মধ্যে ২০১৯ সালের কভিড-পূর্ব রেকর্ড ছাড়িয়ে গেছে।

ক্রুজ লাইনস ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশনের পূর্বাভাস অনুসারে, ২০২৮ সালের মধ্যে বিশ্বব্যাপী ক্রুজ যাত্রী ৪ কোটি ১৯ লাখে পৌঁছবে, যা ২০২৪ সালের তুলনায় ২১ শতাংশ বেশি।

